

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কেরাণীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
হযরতপুর, কেরাণীগঞ্জ, ঢাকা-১৩১৩।
Email: keranigonjtcc@yahoo.com

কেয়ারগিভার কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

‘কেয়ারগিভার’ বা ‘শুশ্রূষাকারী’ হিসেবে জাপান গমনেচ্ছু প্রার্থীদের জন্য কেয়ারগিভার কোর্স পরিচালনা করা হবে। সে লক্ষ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ কেরাণীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), হযরতপুর, কেরাণীগঞ্জ, ঢাকা আগস্ট - নভেম্বর ২০১৯ ইং হতে ৪ (চার) মাস মেয়াদী কেয়ারগিভার কোর্সে ভর্তি হওয়ার জন্য বাংলাদেশের প্রকৃত মহিলা নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- আবেদনকারীদের ভর্তি হওয়ার জন্য নিম্নলিখিত শর্তসমূহ পূরণ করতে হবে :

১। ০১/০৮/২০১৯ ইং তারিখে বয়স ২০ হতে ২৯ বছর।

২। শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি।

৩। জাপানী ভাষা জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৪। জাপানী ভাষা (Level-N4) শেখার মানসিক প্রস্তুতি থাকতে হবে।

৫। প্রার্থীদের বিনয়ী, স্মার্ট, ধৈর্যশীল এবং নতুন বিষয়াদি শিখতে আগ্রহী হতে হবে।

৬। শিশু এবং বয়স্ক ও শয্যাশায়ী বৃদ্ধদের সেবাদানের মানসিকতা সম্পন্ন এবং সর্বোপরী মানবিক মূল্যবোধ সম্পন্ন হতে হবে।

৭। বিদেশে কাজ করতে আগ্রহী হতে হবে।

৮। শারিরিক যোগ্যতাঃ- উচ্চতা কম পক্ষে ৪ ফুট ৬ ইঞ্চি এবং ওজন সর্বনিম্ন ৪০ কেজি।

- উল্লিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের বায়ো-ডাটার স্ক্যানকপি কেরাণীগঞ্জ টিটিসি, এর keranigonjtcc@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। ই-মেইলে সাবজেক্ট লাইনে ‘Application for admission in Caregiver Course’ কথাটি লিখতে হবে। আবেদনের সাথে অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার দরকার নেই। আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করতঃ প্রাথমিক ভাবে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহন করা হবে।

- সাক্ষাৎকারের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি আনতে হবেঃ

১। অনলাইনে আবেদনপত্রের কপি।

২। এইচ.এস.সি. মূল সনদপত্র ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি।

৩। সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।

৪। জাপানি ভাষায় দক্ষতাসংক্রান্ত মূল সনদপত্রসহ ১ (এক) সেট ফটোকপি (যদি থাকে)।

৫। মূল জাতীয় পরিচয়পত্রসহ (National ID) অথবা জন্ম সনদসহ (Birth Certificate) ১ সেট ফটো কপি।

- প্রশিক্ষণার্থীদের থাকার ব্যবস্থা টিটিসিতে করা হবে। তবে খাওয়া বাবদ খরচ নিজেকে বহন করতে হবে।

- আবেদনকারীদের কাছ থেকে ভর্তি ফি বাবদ অফেরত যোগ্য এককালীন ৫০০০/- টাকা নেওয়া হবে।

- ভর্তির তারিখ ১৮/০৮/২০১৯ ইং পর্যন্ত।

- যোগাযোগে : ০১৭১৬৮৪৬৬৯৩/ ০১৮৭৮২৫২২৯০

মানুষের জন্য ফাউন্ডেশন : ০১৭২৭৬৫৫

(প্রকৌশলী আসিফ আজিজ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কেরাণীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

হযরতপুর, কেরাণীগঞ্জ, ঢাকা-১৩১৩।

ফোনঃ ০১৭১৬-৩৭৩৩৯৪

বিনা খরচে সরকারী প্রক্রিয়ায় চাকুরী নিয়ে জাপানে গমন